

তথ্য কমিশনে ৩১/১২/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০টি অভিযোগের শুনানীশেষে ০৪ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০২ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়, ০২ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয় এবং একটি অভিযোগ রিট মামলা হওয়ায় স্থগিত করা হয়। এছাড়া একটি অভিযোগ পেন্ডিং রাখা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি এর ভোলা কার্যালয়ের সহকারি পরিচালক, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তরের পরিচালক (জনসংযোগ), বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি এর পিরোজপুর ও ঝালকাঠি সার্কেলের সহকারি পরিচালক এবং জনতা ব্যাংক লিমিটেডের কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের সহকারি ওয়াকফ প্রশাসক এবং ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারি কমিশনারের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়। এছাড়া রূপালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা ও তথ্য বিভাগের উপ-মহাব্যবস্থাপক এর বিরুদ্ধে ০২ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয় এবং একটি অভিযোগ রিট মামলা হওয়ায় স্থগিত করা হয়। ইসলামী ব্যাংক লিমিটেড জনসংযোগ বিভাগের এসিসট্যান্ট ভাইস প্রেসিডেন্ট এর বিরুদ্ধে একটি অভিযোগ পেন্ডিং রাখা হয়।

স্বাক্ষরিত/-

৩১-১২-২০১৭

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কশিমন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd

